আজকের কাগজ

তারিখ 26 DEC 1993
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষা মন্ত্রণালয়কে বলছি

### বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ

থানাধীন ভাসানচর ইউনিয়নের খন্ড ভাসানচর, খন্ড দশ হাজার বিঘা, চরশেফালী ও বাকরজা গ্রামের শিক্ষানুরাগী ছাত্র, যুবক ও বিশিষ্ট ব্যক্তিদের আপ্রাণ চেষ্টায় ১৯৮৩ সালে "সাত গাঁ আজিজিয়া দাখিল মাদ্রাসা" প্রতিষ্ঠিত হয় এবং ১৯৮৯ সালের ১ জানুয়ারিতে (১৮৪২/৮ স্মারক নং) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতি লাভ করে। অদ্যাবধি মাদ্রাসাটি সরকারি অনুদান পায়নি।

বিগত ১০ বছর যাবত জনসাধারণের চাঁদা ও অনুদানের উপর মাদ্রাসার কাজকর্ম চলছে। উক্ত মাদ্রাসার ৯ বর্গ কিলোমিটারের মধ্যে মাধ্যমিক স্তরের কোনো শিক্ষা প্রতিষ্ঠান নেই। পড়াশুনার মান সন্তোষজনক এবং প্রতি বছর অনেক ছাত্র-ছাত্রী উক্ত মাদ্রাসা থেকে কৃতিত্বের সাথে দাখিল পাস করছে। সার্বিক বিষয়ের প্রতি বিবেচনা করে এবং স্থানীয় জনগণের প্রাণের দাবির প্রতি গুরুত্ব আরোপ করে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রী মাদ্রাসাটিকে সরকারি অনুদান প্রদানের নির্দেশ দেন- স্মারক নং-৮৭০-৫/১২/৯২। কিন্তু আজ ১০ বছরের বেশি সময় অতিবাহিত হওয়া সত্ত্বেও মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশ বাস্তবায়িত হচ্ছে না। জরুরী ভিত্তিতে মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশ বাস্তবায়নের জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন করছি।

*মহিউদ্দিন আহমদ*
*গ্রাম ঃ বাকরজা, পোঃ ভাসানচর,*
*থানা ঃ মেহেন্দিগঞ্জ, বরিশাল।*